

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কাপাসিয়া, গাজীপুর।




শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সভার কার্যবিবরণী :-


সভাপতি : জনাব মোঃ আসাদুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।
স্থান : জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাপাসিয়া।
তারিখ : ০৩/১১/২০২১ইং
সময় : ১১.৩০ ঘটিকায়।

সভার কার্য বিবরণী ও সিদ্ধান্তঃ

অদ্য ০৩/১১/২০২১ইং রোজ বুধবার সকাল ১১.৩০ ঘটিকায় উপজেলা জনস্বাস্থ্য স্যানিটেশন ও নিরাপদ পানি সরবরাহ কমিটির এক সভা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস কক্ষে আহবান করা হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কমিটির সম্মানিত সভাপতি জনাব মোঃ আসাদুজ্জামান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর। সভার শুরুতে কমিটির সম্মানিত সদস্য সচিব শুভেচ্ছা বিনিময়ের মাধ্যমে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে সম্মানিত সদস্য সচিব বিগত সভার কার্যাবলী পাঠ করে শোনান। বিগত বছর কাজগুলো সমাপ্ত হয়েছে। ২০১৯-২০ইং অর্থবছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহের প্রকল্পের আওতায় ২৮৬টি নলকূপের মধ্যে ২৮০টির বোরিং কাজ শেষ হয়েছে এবং প্লাটফর্মের কাজ চলমান রহিয়াছে এবং ২০২০-২১ ইং অর্থবছরে ২৮৬টি নলকূপের মধ্যে প্রায় ৯০টির বোরিং কাজ শেষ হয়েছে। সভাতে সদস্য সচিব আরও জানান, অত্র উপজেলায় একটি রুরাল ওয়াটার সাপ্লাই কাজ অতি দ্রুত শুরু হবে। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে আজকের সভার সমাপ্তি করেন।


৩/১১/২১
মোঃ আসাদুজ্জামান
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কাপাসিয়া, গাজীপুর।

ও
সভাপতি
জনস্বাস্থ্য স্যানিটেশন ও
বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।


(মোহাম্মদ রেজাউর রহমান)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাপাসিয়া, গাজীপুর।
ও
সদস্য সচিব,
জনস্বাস্থ্য স্যানিটেশন ও
বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।